

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### রাষ্ট্রদূত মরিয়াটি কুড়িগ্রামে মানবিক সহায়তা অনুশীলন পরিদর্শন করেছেন

কুড়িগ্রাম, ১১ই আগস্ট -- যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে যৌথ সামরিক মানবিক সহায়তা অনুশীলনের সমাপনী অনুষ্ঠানে যোগ দিতে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়াটি আজ কুড়িগ্রাম সফর করেন। এই অনুশীলনে যুক্তরাষ্ট্র দলে ছিলেন কয়েকজন প্রকৌশলী, শিশুরোগ বিশেষজ্ঞ, দণ্ডরোগ বিশেষজ্ঞ এবং একজন চক্ষুরোগ বিশেষজ্ঞ। “মেডিক্যাল সিভিল অ্যাকশন প্রোগ্রাম” বা “মেডক্যাপ” কর্মসূচির অধীনে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সামরিক চিকিৎসক ও দণ্ডরোগ বিশেষজ্ঞরা উলিপুর ও চিলমারি উপজেলার বিভিন্ন ক্লিনিকে নয় হাজারেরও বেশি মানুষকে বিনামূল্যে মৌলিক স্বাস্থ্যসেবা ও দাঁতের চিকিৎসা প্রদান করেন। এছাড়া গত দুই সপ্তাহ ধরে “ইঞ্জিনিয়ারিং ক্যাপাবিলিটিজ” বা “এনক্যাপ” অনুশীলনের আওতায় যুক্তরাষ্ট্রের সামরিক প্রকৌশলী এবং বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যরা যৌথভাবে চিলমারি উপজেলার চর শাখাতি বিদ্যালয় এবং চর রাধা বলভ বিদ্যালয়-এর পাঁচ শতাধিক শিশুদের জন্য দু'টি স্কুলঘর নির্মাণ করেন।

মানবিক সহায়তা প্রদান করা ছাড়াও এসব অনুশীলন যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে সামরিক পর্যায়ে আন্তঃসশ্ফেলন বৃদ্ধি করবে। অনুশীলনে বাংলাদেশি অংশগ্রহণকারীদের পাশাপাশি যুক্তরাষ্ট্রের নাবিক ও মেরিন সদস্যরা সাধারণ চিকিৎসা ও দণ্ডসেবাসহ পরিবার পরিকল্পনা সেবা প্রদান করেন। এর মধ্য দিয়ে তারা নতুন প্রযুক্তি ও পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করেন। সামরিক চিকিৎসক, দণ্ডরোগ বিশেষজ্ঞ, সেবিকা ও টেকনিশিয়ানদের প্রদত্ত সেবার মান দেখে রাষ্ট্রদূত মরিয়াটি অভিভূত হন। তিনি উল্লেখ করেন যে এসব গুরুত্বপূর্ণ অনুশীলনের ফলে হাজারে বাংলাদেশির জীবনমানের উন্নয়ন ঘটবে।

=====

জিআর/২০০৯

**দ্রষ্টব্য:** এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮-৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।